

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠক অনুষ্ঠিত

ঢাকা, ২৮ আআগস্ট ২০১৯

আজ বিকাল তিনটায় জাতীয় সংসদ ভবনের পশ্চিম ব্লকের ২য় লেভেলে অবস্থিত কেবিনেট কক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির চতুর্থ বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, এমপি।

উক্ত বৈঠকে দক্ষ কর্মী নিয়োগে বাংলাদেশ - জাপান সহযোগিতা স্মারক স্বাক্ষর হওয়ায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি, কমিটির সভাপতি আনিসুল ইসলাম মাহমুদ এমপি, অন্যান্য সদস্যবৃন্দ সহ উপস্থিত সকলে সন্তোষ প্রকাশ করেন।

বৈঠকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন, বর্তমান প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার বিচক্ষণ নেতৃত্ব ও দক্ষ কূটনৈতিক প্রচেষ্টায় বাংলাদেশ-জাপান সহযোগিতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এর ফলে বাংলাদেশের নির্দিষ্ট ট্রেডে দক্ষ কর্মীরা জাপানের শ্রমবাজারের ১৪ টি সেক্টরে নিয়োগ পাবে এবং প্রবাস আয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে। আরো কয়েকটি নতুন দেশ বাংলাদেশের কর্মীদের জন্য উন্মুক্ত হতে যাচ্ছে উল্লেখ করে তিনি বলেন শ্রমবাজার সুসংহত করতে দক্ষতা ও সংশ্লিষ্ট দেশের ভাষা জানা আবশ্যিক।

বৈঠকে সদস্যরা দ্রুততম সময়ে প্রবাসী কর্মীদের সেবা প্রদান, মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার জনবল বৃদ্ধি, বৈদেশিক কর্মসংস্থানে সচেতনতা বৃদ্ধি কার্যক্রম, বিদেশে গমনেচ্ছুদের জন্য ডাটাবেস ইত্যাদি প্রসঙ্গে আলোচনা করেন।

এতে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য অধ্যাপক আলী আশরাফ এমপি, মোয়াজ্জেম হোসেন রতন এমপি, পংকজ নাথ এমপি, ইকবাল হোসেন অপু এমপি, আয়েশা ফেরদৌস এমপি ও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিবের রুটিন দায়িত্বে থাকা অতিরিক্ত সচিব আহমেদ মনিরুছ সালেহীন, ওয়েজ আর্নাস্ট কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এন ডি সি, বিএমইটির মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক মরন কুমার চক্রবর্তী, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ নাজীবুল ইসলাম, প্রবাসী কল্যাণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মাহতাব জাবীন প্রমুখ।

